

দৈনিক পূর্বকোণ

মঙ্গলবার, ২২ জানুয়ারি ২০১৩

সিডিএ চেয়ারম্যানের চট্টগ্রাম কলেজ রোডের উন্নয়ন কাজ পরিদর্শন

৯১ কোটি টাকা ব্যয়ে দৈর্ঘ্য ৫.৫০ কিলোমিটার ও প্রস্থ ১৮.৩০ মিটার। গণি বেকারি হতে বহুদারহাট জংশন কাপাসগোলা রোডের সম্প্রসারণ ও উন্নয়ন প্রকল্প পরিদর্শন কালে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান আবদুচ ছালাম বলেন, এই প্রকল্পের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে। তিনি মেয়াদকালের আগেই প্রকল্প কাজ শেষ করার জন্য প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট ঠিকাদারদের নির্দেশ দেন। তিনি বলেন, বহুদারহাট থেকে চকবাজার, চন্দনপুরা, গণি বেকারি, দেওয়ানবাজার, রহমতগঞ্জ, আন্দরকিল্লা, বকশিরহাট, খাতুনগঞ্জ, স্টেশন রোড, লালদিঘির পাড় প্রভৃতি পুরাতন শহর এলাকার গুরুত্বপূর্ণ স্থান সমূহে যেতে হলে কাপাসগোলা সড়কের ওপর দিয়ে যাওয়া ছাড়া আর কোনো বিকল্প পথ নেই। এসব দিক বিবেচনা করে কাপাসগোলা রোডের সম্প্রসারণ ও উন্নয়ন (গণি বেকারি হতে বহুদারহাট জংশন) প্রকল্পের আওতাধীন চকবাজার, কলেজ রোড, গণি বেকারি হয়ে সিরাজদ্দৌলা রোডের সাথে সংযুক্ত করার পরিকল্পনা নেওয়া হয়। প্রকল্পটি সমাপ্ত হলে বহুদারহাট থেকে অতি অল্প সময়ে চট্টগ্রাম মহসিন কলেজ, চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়, ইসলামি ইউনিভার্সিটি, কাজেম আলী স্কুলসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী ও জনসাধারণ বকশিরহাট, খাতুনগঞ্জ, স্টেশন রোড হয়ে আগ্রাবাদ পৌছাতে পারবে। এসময় সিডিএ প্রধান প্রকৌশলী নাসির উদ্দিন মাহমুদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী হাসান বিন শামস, প্রকল্প পরিচালক মো. সাহাবুদ্দীন উপস্থিত ছিলেন। -বিজ্ঞপ্তি